

শুদ্ধাচার ও সুশাসনের সদস্যসমূহ চিহ্নিতকরণ ও সমাধান বিষয়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে গঠিত
'নৈতিকতা কমিটি' এর সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব আবুল হাসেম মোঃ আবদুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে
গঠিত নৈতিকতা কমিটি

স্থানঃ প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ
তারিখঃ ২৫ নভেম্বর, ২০১৫
সময়ঃ বেলা ০৩:৩০ ঘটিকা


উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট-ক

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভাপতির সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভায় নৈতিকতা কমিটিকে তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবস্থাপক জনাব মোঃ মোহাম্মদ মোশাররফ হোসেন ও জনাব মোঃ আনিছুর রহমান উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় বলেন যে, বিগত ২২।১১।২০১৫ তারিখে ফাউন্ডেশনের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জানুয়ারি ২০১৫-জুন ২০১৬ চূড়ান্ত করা হয়েছে। ঐ সভায় সিদ্ধান্ত ছিল যে কর্মপরিকল্পনায় ২২ নভেম্বর পর্যন্ত তথ্য প্রদান করা হলেও ৩০ নভেম্বর পর্যন্ত অর্জিত অগ্রগতিরসহ কর্মপরিকল্পনাটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। কর্মপরিকল্পনার ১.২ এ নৈতিকতা কমিটির নিয়মিত ৬টি সভা, ১.৩ এ শুদ্ধাচার ও সুশাসনের সদস্যসমূহ চিহ্নিতকরণ ও সমাধান বিষয়ে ৬টি এবং ৯.১ এ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিয়মিত পরিবীক্ষণের লক্ষ্যে ৬টি সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে। এ ছাড়া বিগত সভায় জানুয়ারি ২০১৬ মাসে ২টি প্রশিক্ষণ কোর্স সংগঠনের সিদ্ধান্ত হলেও তারিখ নির্ধারণ করা হয়নি। নৈতিকতা কমিটির জ্যেষ্ঠ কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ডিসেম্বর ২০১৫ মাসের প্রথম পাক্ষিকে মাঠ ভ্রমণে থাকবেন তাই অক্টোবর - ডিসেম্বর'১৫ প্রতিকের সকল সভা ডিসেম্বরের ২০ তারিখ রবিবার হতে করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক বলেন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ এবং কর্মকর্তাদেরকে যথা সময়ে কার্যসম্পাদনে তৎপর হতে হবে এবং দক্ষতার সাথে এ সকল কার্যসম্পাদন করতে হবে। তিনি কর্মপরিকল্পনার অন্যান্য কার্যসমূহ, সময়সীমা, পরিমাপের একক ও দায়িত্ব তুলে ধরেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ০১। ২০ ডিসেম্বর ২০১৫ তারিখ নৈতিকতা কমিটির ২য় নিয়মিত সভা অনুষ্ঠান করা হবে।
- ০২। ২১ ডিসেম্বর ২০১৫ তারিখ শুদ্ধাচার ও সুশাসনের সদস্যসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনার লক্ষ্যে ২য় সভা অনুষ্ঠিত হবে।
- ০৩। ২৩ ডিসেম্বর কর্ম পরিকল্পনা বাস্তবায়ন নিয়মিত পরিবীক্ষণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হবে।
- ০৪। জানুয়ারি ২০১৬ মাসের ২য় শক্রবার ও শনিবার শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধির মূলক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক জনপ্রশাসনের জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রশিক্ষ হিসেবে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে ডিও পত্র প্রদান করা হবে।

- ৫। উত্তম চর্চার জন্য ফাউন্ডেশন এবং প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে শুদ্ধাচার পদক প্রদানের নিমিত্ত ১টি কমিটি গঠন করা হবে।
- ৬। কর্মজীবন উন্নয়নের লক্ষ্যে ফাউন্ডেশন এবং প্রকল্পের প্রধান কার্যালয়ের উপমহাব্যবস্থাপক হতে তদনিম্ন পদের কর্মকর্তা/কর্মচারীদের জন্য জানুয়ারি ২০১৬ মাসের ২য় সপ্তাহে ২দিন মেয়াদের ১টি প্রশিক্ষণ কোর্স সংগঠন করতে হবে। এ প্রশিক্ষণ কোর্সে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রশিক্ষক হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।
- ৭। উপমহাব্যবস্থাপক জনাব মোঃ মিজানুর রহমান, বেগম জান্নাতুন আরা বেগম এবং ব্যবস্থাপক জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন এর সমন্বয়ে প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করতে হবে।
- ৮। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ফাউন্ডেশনের অভ্যন্তরীণ মূল্যায়ন পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে মহাব্যবস্থাপককে আহ্বায়ক করে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি